



মস্কোতে যথাযোগ্য মর্যাদায় বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উদযাপন

১৭ মার্চ ২০২১:

মস্কোস্থ বাংলাদেশ দূতাবাস জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করেছে। দিবসটি উপলক্ষে ১৪ মার্চ দূতাবাসে একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয় যেখানে বিভিন্ন বয়সী শিশুরা অংশগ্রহণ করে। এছাড়াও এ দিবসটি উপলক্ষে রাশিয়ায় অধ্যয়নরত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধুর উপর স্বরচিত কবিতা ও প্রবন্ধ আহ্বান করা হয়।

১৭ তারিখের মূল অনুষ্ঠানের শুরুতেই দিনের প্রথম প্রহরে দূতাবাস প্রাঙ্গণে রাশিয়ান ফেডারেশনে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসানের নেতৃত্বে দূতাবাসের কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং পরে একটি মোনাজাতের আয়োজন করা হয়।

সন্ধ্যার কর্মসূচীর শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করে শোনানো হয়। এরপর মান্যবর রাষ্ট্রদূতের নেতৃত্বে দূতাবাসের কর্মকর্তাবৃন্দ জাতির জনকের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে তাঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন। অনুষ্ঠানে আগত অতিথীরাও পুষ্পস্তবক অর্পন করে বঙ্গবন্ধুকে শ্রদ্ধা জানান।

এরপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়। অতঃপর স্বাগত বক্তব্য রাখেন মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান। তিনি বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে তাকে ঘিরে বিভিন্ন স্মৃতিচারণ করেন এবং ঐতিহাসিক প্রেক্ষাপটে তাঁর অবদান আলোচনাপূর্বক জাতি হিসেবে বাঙালীর ও দেশ হিসেবে বাংলাদেশের আত্মপ্রকাশে তাঁর অনবদ্য ও অনন্য সাধারণ ভূমিকার কথা কৃতজ্ঞতাচিত্তে স্মরণ করেন।

অনুষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ ঘটনা এবং ১৯৭২ সালে মার্চ মাসে রাশিয়ায় তার প্রথম রাষ্ট্রীয় সফরের উপর বেশ কিছু স্থির ও প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। উল্লেখ্য ঐ সময়ে উপমহাদেশের বাইরে বঙ্গবন্ধুর এটাই ছিল প্রথম রাষ্ট্রীয় সফর। এরপর মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান চিত্রাঙ্কন, কবিতা ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ীদেরকে সনদ ও পুরস্কার প্রদান করেন।

পুরস্কার বিতরণ পর্বের পর বঙ্গবন্ধুকে নিবেদিত গান, কবিতা ও যন্ত্রসংগীত নিয়ে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরিশেষে জাতির জনকের জন্মদিন ও শিশু দিবস উপলক্ষে মান্যবর রাষ্ট্রদূত উপস্থিত শিশুকিশোর ও অতিথীদের নিয়ে কেক কাটেন। অনুষ্ঠানের সঞ্চালক দূতাবাসের দূতালয় প্রধান জনাব আন্দ্রিয় দ্রং অনুষ্ঠানে অংশগ্রহণকারী ও উপস্থিত সুধীবৃন্দকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান শেষ করেন।

